



## জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১  
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



### প্রেস বিজ্ঞপ্তি

জাবি পদার্থবিজ্ঞান বিভাগের সুবর্ণজয়ন্তী পালিত ॥

বিশ্ব র্যাংকিংয়ে মর্যাদাপূর্ণ স্থান লাভ করার ব্যাপারে বিশ্ববিদ্যালয়গুলোকে চিন্তা করতে হবে  
-শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এম.পি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৪ নভেম্বর ২০২২।

স্বাধীনতাকে অর্থবহ করতে হলে মানসম্মত শিক্ষার বিকল্প নেই। এ জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৩ সালে বিশ্ববিদ্যালয়গুলোকে স্বায়ত্তশাসন দিয়েছেন। বঙ্গবন্ধুর উদ্দেশ্য ছিল বিশ্ববিদ্যালয়গুলো মুক্তবুদ্ধির চর্চা করবে এবং নতুন জ্ঞান সৃষ্টির মাধ্যমে মানসম্মত শিক্ষা ও গবেষণার পরিবেশ তৈরি করবে। আজ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের সুবর্ণজয়ন্তী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির ভাষণে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এম.পি এ কথা বলেন। শিক্ষামন্ত্রী তাঁর ভাষণে আরও বলেন, বর্তমান সরকার বিজ্ঞান ও প্রকৌশল শিক্ষার প্রসারে দেশের বিভিন্ন জেলায় বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করছে। এতে নতুন প্রজন্মের মধ্যে বিজ্ঞান শিক্ষার প্রতি আগ্রহ তৈরি হবে। বিশ্বব্যাপী বিশ্ববিদ্যালয়গুলোর র্যাংকিংয়ের ওপর গুরুত্বারোপ করে শিক্ষামন্ত্রী বলেন, কীভাবে বিশ্ব র্যাংকিংয়ে মর্যাদাপূর্ণ স্থান লাভ করা যায়, সে বিষয়ে বিশ্ববিদ্যালয়গুলোকে চিন্তা করতে হবে। মন্ত্রী জীবনব্যাপী শিক্ষার সুযোগ অক্ষুণ্ণ রাখতে বিশ্ববিদ্যালয়গুলোতে এর প্রতিবন্ধকতা দূর করার আহ্বান জানান। শিক্ষামন্ত্রী তাঁর ভাষণে পদার্থবিজ্ঞান বিভাগের সুবর্ণজয়ন্তীতে অংশগ্রহণকারী সকলের চেনা-জানা ও ভালোবাসার বন্ধন আরও সুদৃঢ় হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম বলেন, পদার্থবিজ্ঞান বিভাগের বিগত ৫০ বছরের অগ্রযাত্রায় তিনি গর্বিত। দেশ-বিদেশে এ বিভাগের শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকগণ সাফল্য অর্জন করে বিভাগ এবং বিশ্ববিদ্যালয়ের সুনাম বৃদ্ধি করেছেন। উপাচার্য বিশ্ববিদ্যালয়ে চলমান উন্নয়ন কর্মকাণ্ডের বিবরণ তুলে ধরে বলেন, শীঘ্রই ছাত্র এবং ছাত্রীদের ১টি করে নতুন ২টি হলের উদ্বোধন করা হবে। নতুন হলে শিক্ষার্থী উঠানোর পর এ বিশ্ববিদ্যালয় থেকে 'গণরুম' সংস্কৃতি উঠে যাবে। উপাচার্য নতুন হলের নামকরণে মাননীয় প্রধানমন্ত্রীর পরামর্শ কামনা করেন। জহির রায়হান মিলনায়তনে সকাল সাড়ে দশটায় পদার্থবিজ্ঞান বিভাগের সভাপতি অধ্যাপক ড. তাহমিনা ফেরদৌসের সভাপতিত্বে এ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরও বক্তব্য রাখেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো: মনজুরুল হক। মঞ্চে আরও উপস্থিত ছিলেন গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. ফরিদ আহমদ, পদার্থবিজ্ঞান এ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ড. এ. এ. মামুন, সাধারণ সম্পাদক আজাদ আল মামুন প্রমুখ। এর আগে সকাল সাড়ে নয়টায় পদার্থবিজ্ঞানের সম্মুখে শিক্ষামন্ত্রী বেলুন ও পায়রা উড়িয়ে সুবর্ণজয়ন্তীর উদ্বোধন করা হয়। এ সময় ৫০ পাউন্ড ওজনের কেক কাটা হয়। এরপর এক বর্ণাঢ্য র্যালিযোগে অতিথিগণ জহির রায়হান মিলনায়তনে আলোচনা অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

আলোচনা অনুষ্ঠান শেষে সেলিম আল দীন মুক্তমঞ্চে পদার্থবিজ্ঞান বিভাগের প্রাক্তন ও বর্তমান শিক্ষক ও শিক্ষার্থীরা স্মৃতিচারণ এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে মেতে উঠেন।

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)

